

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) উপাচার্য অধ্যাপক মো. শারফুদ্দিন আহমেদ বলেছেন, যে কোনো ব্যথাই মৃত্যুর কারণ হতে পারে। রাতে পেটে ব্যথা হলে সঠিকভাবে পরীক্ষা না করে গ্যাসের ওষুধ খেয়ে শুয়ে থাকলে মৃত্যুও হতে পারে। গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের এ ব্লকে বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে পেটে ব্যথা নিয়ে আয়োজিত সেন্ট্রাল সেমিনার তিনি এ কথা বলেন।

সেমিনারে কি-নোট স্পিকার হিসেবে প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের শিশু গ্যাস্ট্রোএন্টারোলজি বিভাগের অধ্যাপক মো. রোকুনুজ্জামান, সার্জারি বিভাগের সহকারী অধ্যাপক এসএম সাঈদ উল আলম এবং গ্যাস্ট্রোএন্টারোলজি বিভাগের সহকারী অধ্যাপক ফজলুল করিম চৌধুরী।

advertisement 3

সেমিনারে বলা হয়, পেটে ব্যথার অন্যতম কারণগুলোর মধ্যে পেপটিক আলসার ডিজিজ, অগ্ন্যাশয়ের প্রদাহ, আইবিএস, পিন্তথলির প্রদাহ, পিন্তথলি ও পিন্তনালির ভেতর পাথর, লিভারের প্রদাহ (হেপাটাইটিস) ইত্যাদি, কিছু ক্ষেত্রে পেটে ব্যথা আমাদের মৃত্যুর কারণ হতে পারে। যদি কোনো রোগীর পেটে ব্যথা সাধারণ ওষুধে না কমে এবং ৬ ঘণ্টার বেশি সময় ধরে থাকে, তাহলে দেরি না করে অবশ্যই চিকিৎসকের শরণাপন্ন হতে হবে অথবা কোনো হাসপাতালের জরুরি বিভাগে যোগাযোগ করতে হবে।

advertisement 4

সেমিনারে তিনটি প্রবন্ধের ওপর বিশেষ অতিথি হিসেবে আলোচনা করেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) মো. জাহিদ হোসেন এবং উপ-উপাচার্য (একাডেমিক) একেএম মোশাররফ হোসেন। সেমিনারে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয় সেন্ট্রাল সাব কমিটির আহ্বায়ক অধ্যাপক বেলায়েত হোসেন সিদ্দিকী।

181
Shares